দৈনিক বাংলা



তারিখ 7/7/79
পৃঃ 5

# কমার্স শিক্ষার্থীদের আবেদন

বাণিজ্যিক সংস্থাসমূহে কর্মসংস্থানের উদ্দেশ্যেই অধিকাংশ ছাত্র-ছাত্রী কমার্স নিয়ে পড়াশোনা করে থাকে। এসব সংস্থার কর্মক্রম অন্যান্য সংস্থার কর্মক্রম থেকে সম্পূর্ণ ভিন্ন। আর সে জন্যেই বাণিজ্যিক কার্যাবলী শিক্ষাদানের উদ্দেশ্যে কমার্স বিভাগ চালু রয়েছে। মূলতঃ কমার্সের উৎপত্তিও এজন্যেই। কিন্তু কার্যতঃ দেখা যায়, বাণিজ্যিক সংস্থা বিশেষ করে ব্যাংক সমূহে লোক নিয়োগের ব্যাপারে কমার্সের জন্যে পৃথক কোন সুযোগ রাখা হয় না। অথচ ব্যাংকের চাকরিতে একমাত্র কমার্স শিক্ষার্থীদের দাবীই অগ্রগণ্য।

শিক্ষার সাথে কর্মসংস্থানের সামঞ্জস্য না থাকলে কর্মজীবনে কেউই উন্নতি বা উৎকর্ষ লাভে সমর্থ হতে পারে না। যথাযথ নিয়োগ ছাড়া যথার্থ উপযোগিতা পাওয়া কখনও সম্ভব নয়। যে কোন দৃষ্টিকোন থেকে বিচার করলেই কমার্স শিক্ষার্থীদের ব্যাংক তথা বাণিজ্যিক সংস্থা সমূহে নিয়োগের যথার্থতা উপলব্ধি করা যায়। দেশের বেকার সমস্যার বিষয় বিবেচনা করে এসব ক্ষেত্রে অন্যান্য বিভাগের প্রার্থীদের সুযোগ দেয়ার প্রয়োজন স্বীকার করেও আমরা মনে করি ব্যাংক তথা বাণিজ্যিক সংস্থাসমূহে কমার্স বিভাগের প্রার্থীদের জন্যে অন্ততঃ ৬০% পদ সংরক্ষিত রাখা বাঞ্ছনীয়।

এ ব্যাপারে বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং দেশের উন্নয়নে সর্বাধিক সেবা গ্রহণ ও কমার্স শিক্ষার্থীদের আশা আকাংখা বাস্তবায়নের স্বার্থে বাণিজ্যিক সংস্থা তথা ব্যাংক সমূহে অন্তত ৬০% পদ তাদের জন্যে সংরক্ষিত রাখার ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

—আবরার বাশার ধীতপুর
কুমিল্লা।